



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)



**দালাল চক্র হতে সাবধান সংক্রান্ত বিআরটিএ'র সতর্কীকরণ বিজ্ঞপ্তি**

এতদ্বারা সকল সম্মানিত গ্রাহকবৃন্দকে জানানো যাচ্ছে যে, মোটরযান ও ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত সেবা গ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য মোটরযানের কর ও ফিস পরিশোধকালে (যেমন: অনুমিত আয়কর, অগ্রিম আয়কর, ভ্যাট, সম্পূরক কর ইত্যাদি অর্থ) নির্ধারিত ব্যাংক কাউন্টার অথবা মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (MFS) বা ব্যাংক কার্ডের মাধ্যমে জমা দিতে হয়। এক্ষেত্রে তৃতীয় পক্ষ বা কোনো দালালের মাধ্যমে এ অর্থ প্রদান করা হলে প্রতারিত হওয়ার সম্ভাবনা রয়েছে। বিআরটিএ সংশ্লিষ্ট সকল অর্থ অনলাইনে প্রদানকালে মালিকের নিজস্ব ব্যাংক কার্ড বা মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (MFS) এর হিসাব/ অ্যাকাউন্ট ব্যবহার করার জন্য অনুরোধ করা যাচ্ছে। প্রয়োজনে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের (বিআরটিএ) ওয়েবসাইট ভিজিটপূর্বক সকল বিষয় অবহিত হওয়ার জন্য কিংবা বিআরটিএ অফিসে সরাসরি যোগাযোগ করে পরামর্শ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)